

 ভিডিও ভিডিও ভিডিও

## উচ্চশিক্ষা

**রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আইবিএতে এমফিল ও পিএইচডি, আবেদন ফি ১০০০ টাকা**

 **নিজস্ব প্রতিবেদক** ঢাকা



রাজশাহী বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে (আইবিএ) এমফিল ও পিএইচডি কোর্সের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। এমফিল দুই বছর মেয়াদের ও পিএইচডি তিন বছর মেয়াদের। বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক একাডেমিক কমিটি কর্তৃক নির্ধারিত ফি পাবেন এমফিল ও পিএইচডি করলে।

অর্থপ্রাপ্তি সাপেক্ষে সীমিতসংখ্যক শিক্ষার্থীকে ফেলোশিপ প্রদান করা হবে। আবেদন ফি ১০০০ (এক হাজার) টাকা।

এমফিলে আবেদনের যোগ্যতা—

১.

ক. প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতিতে যেকোনো একটিতে ন্যূনতম প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ-৪ থাকতে হবে;

খ. ব্যবসায় শিক্ষা বিষয়ে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫৫ শতাংশ নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ-৪ ক্লেই উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ-৩.২৫ থাকতে হবে;

অথবা

অর্থনীতি বিষয় থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে যেকোনো একটিতে ন্যূনতম ৫৫ শতাংশ ও অন্যটিতে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ-৪ শতাংশ ক্ষেত্রের মধ্যে উভয় পরীক্ষায় সিজিপিএ-৩.২৫ থাকতে হবে।

২.

যেসব প্রার্থীর ওপরে বর্ণিত ১ ধারার উপধারা (ক) অথবা (খ)-এর স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তাঁরা এমফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের—

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চের কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৩ (তিনি) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

(খ) স্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ৩ (তিনি) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(গ) কোনো স্বীকৃত গবেষণাপ্রতিষ্ঠানে ৩ (তিনি) বছরের গবেষণাকাজের অভিজ্ঞতা এবং সেই সঙ্গে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে বিষয়ভিত্তিক ন্যূনতম ২টি (দুই) গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকে;

অথবা

(ঘ) বিদেশি প্রার্থী/বিদেশি ডিগ্রিপ্রাপ্তি প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে/বাংলাদেশ ভিন্ন অন্য কোনো দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণাপ্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকে;

(ঙ) ২-এর উপধারা (ক), (খ), (গ) ও (ঘ) বর্ণিত যোগ্যতাসম্পন্ন অর্থনীতি বিভাগ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাজীবনের কোনো পর্যায়েই দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সিজিপিএ-৩-এর কম অথবা ব্যবসায় শিক্ষা বিষয়ে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাজীবনের কোনো পর্যায়েই দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সিজিপিএ-৩.২৫-এর কম থাকলে তিনি ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন;

এই উপধারার অধীনে এমফিল প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীরা পিএইচডি প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না। তবে এমফিল ডিগ্রিপ্রাপ্ত হওয়ার পর পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য নতুন গবেষণা শিরোনামে আবেদন করতে পারবেন।

পিএইচডিতে আবেদনের যোগ্যতা—

ক) পিএইচডির জন্য অবশ্যই এমফিল/সমমান ডিগ্রি থাকতে হবে;

অথবা

(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা, পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত দেশ এবং এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত বিদেশি প্রার্থীরা পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন;

অথবা

(গ) প্রার্থীর যদি এমফিল বিধির ১ ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন/যেকোনো সরকারি বৃত্তি/বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ/আন্তর্জাতিক বৃত্তি/গবেষণা অনুদান অর্জন করে থাকেন, তাহলে তিনি পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা

(ঘ) এমফিল বিধি ১ ধারার উপধারা (ক) ও (খ)-এর ভর্তির যোগ্যতাসহ—

১.

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

২.

ম্নাতক/ম্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে ম্নাতক/ম্নাতক (সম্মান) শ্রেণিতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

৩.

কোনো স্বীকৃত গবেষণাপ্রতিষ্ঠানে ৭ (সাত) বছরের গবেষণাকাজের অভিজ্ঞতা এবং সেই সঙ্গে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩টি (তিনি) গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে;

অথবা

৪.

বিদেশি প্রার্থী/বিদেশি ডিগ্রিপ্রাপ্তি প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে শিক্ষাপ্রতিষ্ঠান ম্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণাপ্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকলে এবং সেই সঙ্গে কোনো স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩টি (তিনি) গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচডি প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

তবে ৩ ধারার উপধারা ঘ-এর সব ক্ষেত্রে বর্ণিত যোগ্যতাসম্পন্ন আবেদনকারীদের শিক্ষাজীবনের কোনো পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সিজিপিএ-৩.০০-এর কম থাকলে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

আবেদন ফি

আবেদনকারী শিক্ষার্থীকে ইনস্টিউটিউটের ওয়েবসাইট থেকে ভর্তির প্রাথমিক আবেদনপত্র ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্র পরিচালক, ইনস্টিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, [রাজশাহী বিশ্ববিদ্যালয়ের](#) অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ (অফেরতযোগ্য) আগামী ২৯ আগস্ট ২০২৪-এর মধ্যে (বিশ্ববিদ্যালয়ের ছুটি বাদে) ইনস্টিউটে জমা দিতে পারবেন আগ্রহী প্রার্থীরা। নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবিসহ সব পরীক্ষার সনদ, মার্কস সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং গবেষণা প্রস্তাব সংযুক্ত করতে হবে। চাকরিরত প্রার্থীকে এমফিল গবেষণার জন্য ১ (এক) বৎসর ও পিএইচডি গবেষণার জন্য ২ (দুই) বৎসরের ছুটি পাবেন যর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের কাছ থেকে সম্মতিপত্র অবশ্যই আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদন ও আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যাদি ভুল প্রমাণিত হলে তা বাতিল বলে গণ্য হবে। প্রার্থীর গবেষণার বিষয়বস্তু ও সুপারভাইজার ইনস্টিউটিউটের বোর্ড অব স্টাডিজ কর্তৃক চূড়ান্ত করা হবে।

## পরীক্ষা পদ্ধতি ও পরীক্ষার তারিখ

ব্যবসায় শিক্ষা বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীদের বাণিজ্য ও ইংরেজি এবং অর্থনীতি বিষয়ের শিক্ষার্থীদের অর্থনীতি ও ইংরেজি বিষয়ে লিখিত পরীক্ষা দিতে হবে। পরীক্ষা হবে ইংরেজি ভাষায়। লিখিত পরীক্ষা ২০২৪ সালের ৭ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা শেষে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে আইবিএ ভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো**  
করুন



 **prothomalo.com**

---

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
সংস্থ © ১৯৯৮-২০২৪ প্রথম আলো